বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
বেপজা কমপ্লেক্স
বাড়ী নং-১৯/ডি, রোড নং-৬
ধানমন্ডি আ/এ, ঢাকা-১২০৫।
www.epzbangladesh.org.bd

সূত্রঃ ০৩.৩১৭.০১৪.০০.০০.০০২.২০০৯-১০/৯৪ তারিখঃ জুন ০৬, ২০১০

উন্মুক্ত দরপত্র পদ্ধতির আওতায় ২ (দুই) কোটি টাকা পর্যন্ত এবং সীমিত দরপত্র পদ্ধতির আওতায় কার্যক্রয়ের লক্ষ্যে ঠিকাদার তালিকাভুক্তির বিজ্ঞপ্তি।

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বেপজার সকল জোন/প্রকল্পের আওতায় বিভিন্ন ধরনের পূর্ত, বৈদ্যুতিক ও যান্ত্রিক সকল নির্মাণ/মেরামত/সরবরাহ কাজ বিভিন্ন ঠিকাদারের মাধ্যমে বাস্তবায়ন করা হয়ে থাকে। এই কাজগুলো বাস্তবায়নের জন্য দরপত্র প্রতিযোগিতায় দরদাতাদের অংশগ্রহণের নিমিত্তে তালিকাভুক্তি করা আবশ্যক, যা গত ১২ নভেম্বর, ২০০৯ তারিখে প্রকাশিত গেজেটে পাবলিক প্রকিউরমেন্ট (দ্বিতীয় সংশোধন) আইন, ২০০৯ এ বলা হয়েছে। উক্ত সংশোধনে অনধিক ২ (দুই) কোটি টাকার অভ্যন্তরীন কার্য ক্রয়ের ক্ষেত্রে বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে ঠিকাদার কর্তৃক অতীতে সম্পাদিত কার্য ক্রয়ের অভিজ্ঞতাসহ অন্যান্য অভিজ্ঞতার আলোকে তালিকা সংরক্ষণের উল্লেখ রয়েছে। উন্নয়ন কর্মকান্ড নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠভাবে বাস্তবায়নের লক্ষ্যে বিধি প্রাপ্তি সাপেক্ষে বেপজার আওতায় মোট ৩ (তিন) টি শ্রেনী ও ক্যাটাগরীতে পূর্ত এবং বৈদ্যুতিক ঠিকাদার তালিকাভুক্তির জন্য আবেদন ফরম বেপজার ওয়েবসাইট অথবা বেপজার বিভিন্ন জোন/প্রকল্প থেকে সংগ্রহ করে নিম্নোক্ত স্থান সমূহে দাখিলের জন্য আগ্রহী আবেদনকারীকে অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, নির্ধারিত সময়ের পর কোন আবেদন গ্রহণ করা হবে না।

১।	মন্ত্রনালয়	ঃ	প্রধানমন্ত্রীর কার্যালয়
২।	সংস্থা	ঃ	বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ এলাকা কর্তৃপক্ষ
৩।	ক্রয়কারীর নাম	ঃ	প্রধান প্রকৌশলী, বেপজা, ঢাকা
৪।	আবেদনকারীর যোগ্যতা	ঃ	আবেদন ফরমে বিস্তারিত উল্লেখ আছে
৫।	আবেদন ফিস	ঃ	ওয়েব সাইট থেকে সংগৃহীত আবেদন পত্রের ক্ষেত্রে ফিস বাবদ ৫০০/- টাকা ব্যাংক ড্রাফট/পে অর্ডার অথবা বেপজা ও জোন সমূহের হিসাব বিভাগ থেকে নগদ টাকায় ক্রয় করা যাবে।
৬।	আবেদন পত্র দাখিলের স্থান	ঃ	বেপজা নির্বাহী দপ্তর এবং ঢাকা ইপিজেড, চট্টগ্রাম ইপিজেড, কুমিল্লা ইপিজেড, মংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড, আদমজী ইপিজেড ও কর্ণফুলী ইপিজেডে দাখিল করা যাবে।
৭।	আবেদন পত্র প্রাপ্তির স্থান	ঃ	বেপজার ওয়েবসাইটঃ www.epzbangladesh.org.bd, বেপজা নির্বাহী দপ্তর এবং ঢাকা ইপিজেড, চট্টগ্রাম ইপিজেড, কুমিল্লা ইপিজেড, মংলা ইপিজেড, ঈশ্বরদী ইপিজেড, উত্তরা ইপিজেড, আদমজী ইপিজেড ও কর্ণফুলী ইপিজেডের হিসাব শাখা হতে নগদ টাকায় সংগ্রহ করা যাবে।
৮।	আবেদন পত্র জমা দেয়ার শেষ তারিখ ও সময়	ঃ	জুলাই ১৩, ২০১০ বেলা ৪ঃ০০ ঘটিকা

ক্রয়কারী কার্যালয় প্রধান/সংশ্লিষ্ট ক্রয়কারী যে কোন আবেদনকারীর আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে গ্রহণ অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

স্বা/=
মোঃ শাহ্ আলম সরকার
প্রধান প্রকৌশলী
ফোনঃ ৮৬৫০০৬৯
E-mail: ceshahalam@gmail.com

অনুলিপিঃ
১। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, শেরেবাংলা নগর, ঢাকা।
২। মহাব্যবস্থাপক-ঢাকা/চট্টগ্রাম/কুমিল্লা/আদমজী/উত্তরা/মংলা/ঈশ্বরদী ও কর্ণফুলী ইপিজেড।
৩। মহাব্যবস্থাপক (জনঃ), বেপজা ঢাকা দরপত্র বিজ্ঞপ্তিটি বহুল প্রচারিত ১টি বাংলা ও ১টি ইংরেজী জাতীয় দৈনিক পত্রিকায় আগামী ১৩ জুন ২০১০ তারিখের মধ্যে প্রকাশ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল (সংযুক্ত ১০ কপি মূল দরপত্র বিজ্ঞপ্তি)।
৪। সিস্টেম এনালিষ্ট, বেপজা, ঢাকা-বিজ্ঞপ্তির সকল দলিলাদি বেপজার ওয়েবসাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল।
৫। একান্ত সচিবের মাধ্যমে নির্বাহী চেয়ারম্যান, বেপজা, ঢাকা।
৬। সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সদস্য (বিউ/প্রকৌশল/অর্থ), বেপজা, ঢাকা।
৭। সহকারী সমন্বয় কর্মকর্তার মাধ্যমে সচিব/মহাব্যবস্থাপক (রক্ষণাবেক্ষণ)/ প্রধান হিসাব ও অর্থ কর্মকর্তা/মহাব্যবস্থাপক (নিরীক্ষা), বেপজা, ঢাকা।
৮। নথি।

প্রধান প্রকৌশলী

পূর্ত কাজের ঠিকাদার তালিকাভুক্তির আবেদন ফরম

ক্রমিক নং	তথ্যাদি		বাংলায়	ইংরেজীতে (In Block Letter)
১.০	আবেদনকারীর/প্রতিষ্ঠানের নাম			
১.১	প্রোপাইটারের নাম			
১.২	পিতা/ স্বামীর নাম			
১.৩	মাতার নাম			
২.০	আবেদনকারীর বর্তমান ঠিকানা			
২.১	আবেদনকারীর স্থায়ী ঠিকানা			
৩.০	ভ্যাট রেজিস্ট্রেশন নম্বর			
৪.০	ট্রেড লাইসেন্সের সূত্র ও তারিখ			
৫.০	কর নিবন্ধন নম্বর (টিআইএন)			
৬.০	যোগাযোগঃ ক) টেলিফোন নম্বর খ) ফ্যাক্স নম্বর গ) মোবাইল নম্বর ঘ) ই-মেইল (যদি থাকে)			
৭.০	গত ১০ বৎসরের মধ্যে সম্পাদিত নির্মাণ কাজের অভিজ্ঞতার বিবরণ ডকুমেন্টসহ সংযুক্ত ছক-১ অনুযায়ী করতে হবে।			
৮.০	আবেদনকারীর আর্থিক অবস্থার বিবরণ ব্যাংক প্রতিবেদনসহ সংযুক্ত ছক-২ অনুযায়ী করতে হবে।			
৯.০	পেশাগত প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সনদের বিবরণ			
১০.০	তালিকাভুক্তিতে আগ্রহী শ্রেনীর নাম			

১১.০	আবেদনকারী /প্রতিষ্ঠানের কারিগরী জনশক্তি এবং সম্পদের তালিকা			
১১.১	কারিগরী জ্ঞান সমৃদ্ধ স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর বিবরন সংযুক্ত ছক -৩ অনুযায়ী			
১২.০	যন্ত্রপাতির বিবরণ সংযুক্ত ছক -৪ অনুযায়ী			

আমি এই মর্মে ঘোষনা করছি যে, উপরে প্রদত্ত বিবরণ নির্ভুল ও সত্য। পরবর্তীতে কোন অসত্য তথ্য পাওয়া গেলে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি-১২৭ অনুযায়ী আমার বিরুদ্ধে যে ব্যবস্থা নেয়া হবে তা আমি মানতে বাধ্য থাকব।

আবেদনকারীর স্বাক্ষর ও সীল

তারিখঃ

পূর্ত কাজের ঠিকাদার তালিকাভুক্তির বিষয়ে নির্দেশাবলী

১। ঠিকাদার তালিকাভূক্তির আবেদনপত্র বিক্রয়ের রশিদ/ পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট্ আবেদন পত্রের সাথে সংযুক্ত করতে হবে।

২। আবেদনকারীর দাখিলকৃত তথ্যাদি প্রয়োজনবোধে আইন/বিধি মোতাবেক যাচাই করা হবে।

৩। ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের বেলায় এফিডেভিট ও সত্যায়িত ছবি এবং লিমিটেড কোম্পানীর বেলায় রেজিষ্টার্ড এম ও ইউ/ এ ও এ এবং ব্যবস্থাপনা পরিচালকের সত্যায়িত ছবি দাখিল করতে হবে।

৪। আবেদনপত্রে প্রদত্ত তালিকাভূক্তির যোগ্যতা নির্ধারণী বিধি, শর্ত ও নিয়মাবলী সরকারী সিদ্ধান্ত মোতাবেক পরিবর্তিত হতে পারে।

৫। তালিকাভূক্তির জন্য চুড়ান্তভাবে বিবেচিত হলে সংশ্লিষ্ট ঠিকাদারকে পি পি আর বিধান মোতাবেক তালিকাভূক্তি ফি পরিশোধ করতে হবে।

পূর্ত কাজের ঠিকাদার তালিকাভুক্তির আবেদন মূল্যায়নের নির্ণায়ক

ক্রমিক নং	যোগ্যতার মাপকাঠি	একক	**নুন্যতম শ্রেনীভিত্তিক যোগ্যতার প্রয়োজনীয়তা**		
			ক্যাটাগরী-ক (২.০ কোটি টাকা পর্যন্ত)	ক্যাটাগরী-খ (১.০ কোটি টাকা পর্যন্ত)	ক্যাটাগরী-গ (৫০ লক্ষ টাকা পর্যন্ত)
১.	ঠিকাদারী কাজের অভিজ্ঞতা	বৎসর	৫	৩	নাই
২.	গত ১০ বৎসরে সম্পাদিত সর্বোচ্চ মূল্যমানের চুক্তি বাস্তবায়ন/সম্পাদন (সনদ দাখিল করিতে হইবে)	লক্ষ টাকা	১০০.০০	৫০.০০	নাই
৩.	গড় বার্ষিক নির্মাণ কাজের লেনদেন (turnover)	লক্ষ টাকা	৭০.০০	৩৫.০০	নাই
৪.	ব্যাংক প্রতিবেদনে বিগত এক বৎসরের যে কোন সময়ের স্থিতি	লক্ষ টাকা	২০.০০	১০.০০	৫.০০

বিশেষ দ্রষ্টব্যঃ আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র অবশ্যই সংযুক্ত করতে হবে, অন্যথায় তালিকাভুক্তির জন্য বিবেচনা করা হবে না।

১। কর নিবন্ধন (টিআইএন) নম্বর এবং কর পরিশোধ করার বিষয়ে উপযুক্ত কর্তৃপক্ষের সনদপত্র

২। মূল্য সংযোজন কর নিবন্ধন সার্টিফিকেট

৩। ব্যবসায়িক নিবন্ধন সার্টিফিকেট

৪। বর্তমান অর্থ বৎসরের হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি

৫। স্থানীয় সরকার প্রতিষ্ঠান হইতে বাংলাদেশের নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের কপি

৬। ১ম শ্রেনীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক চারিত্রিক সনদপত্র

৭। গত ১০ বৎসরে সম্পাদিত কাজের কার্য সমাপ্তির সনদ (যদি থাকে)/(বৎসর অনুযায়ী ক্রমানুসারে)

৮। গত ১০ বৎসরে সম্পাদিত সর্বোচ্চ মূল্যমানের চুক্তি বাস্তবায়নের সনদ

৯। আর্থিক সামর্থ্য সম্পর্কিত যথোচিত ব্যাংক প্রতিবেদন

১০। ২ কপি পাসপোর্ট সাইজের ছবি

১১। যে কোন প্রতিষ্ঠানের তালিকাভুক্তির কপি (পূর্বের যদি থাকে)

১২। তালিকাভূক্তির জন্য বৈদ্যুতিক লাইসেন্স বোর্ড কর্তৃক ইস্যুকৃত হালনাগাদ এ, বি, সি বৈদ্যুতিক ঠিকাদারী ও সুপারভাইজারী লাইসেন্স (যদি থাকে)

১৩। ক্রয়কারীর সহিত চুক্তি সম্পাদনের বিষয়ে কোন আদালত কর্তৃক সংশ্লিষ্ট ব্যক্তি বা উহার কোন কর্মচারীর উপর বাধা নিষেধ আরোপ করা হয় নাই মর্মে উহার আইনগত সক্ষমতার সমর্থনে ১৫০/- টাকার নন-জুডিশিয়াল ষ্ট্যাম্পে এফিডেফিট দাখিল করতে হবে।

ছক-১ঃ গত ১০ বৎসরের মধ্যে সম্পাদিত নির্মাণ কাজের বিবরণঃ

ক্রমিক নং	কাজের নাম	ক্রয়কারীর নাম ও ঠিকানা	কাজের ধরন	কার্যাদেশ প্রদান ও চুক্তি সমাপ্তির তারিখ	সম্পাদিত কাজের মূল্য (লক্ষ টাকায়)	মন্তব্য

বিঃ দ্রঃ ১৯৯৯-২০০০ অর্থ বৎসর (জুলাই, ১৯৯৯) হতে বর্তমান পর্যন্ত সময়ের কাগজপত্রাদি মূল্যায়নের জন্য বিবেচনা করা হবে ।

ছক-২ঃ আর্থিক অবস্থার বিবরণঃ

ক্রমিক নং	ব্যাংকের নাম	শাখার নাম	হিসাব নম্বর	সর্বশেষ ব্যাংক স্থিতি

ছক-৩ঃ কারিগরী জ্ঞান সমৃদ্ধ স্থায়ী কর্মকর্তা ও কর্মচারীর বিবরণঃ

ক্রমিক নং	নাম	পদবী	শিক্ষাগত যোগ্যতা	অভিজ্ঞতা

ছক-৪ঃ যন্ত্রপাতির বিবরণঃ

ক্রমিক নং	যন্ত্রপাতির নাম	সংখ্যা	মডেল	অবস্থান